গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৮৩/২০১৯-২০২০
ঢাকা ৮ মার্চ রোববার ২০২০, ২৪ ফাল্গুন ১৪২৬

১। ঐতিহাসিক ৭ মার্চ পালিত : জাতির পিতার প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন
২। মুজিববর্ষে একটি মানুষও গৃহহীন থাকবে না : ৭ মার্চের আলোচনাসভায় প্রধানমন্ত্রী
৩। জয় বাংলা কনসার্টে গান শুনতে এসেছিলেন শেখ হাসিনা ও শেখ রেহানা
৪। রাষ্ট্রপতি উরুগুয়ে ও লন্ডনে ১১ দিনের সফর শেষে গতকাল দেশে ফিরেছেন
৫। আন্তর্জাতিক নারী দিবস আজ : এ উপলক্ষে অনুষ্ঠানে যোগ দেবেন প্রধানমন্ত্রী
৬। বয়স্কদের সেবায় কেয়ার ইন নিডের যাত্রা সময়োপযোগী : স্পিকার
৭। ৭ই মার্চের ভাষণ অস্বীকারকারীরা স্বাধীনতাকেই অস্বীকার করেন : সেতুমন্ত্রী
৮। ৭ই মার্চ পালন না করার অর্থ স্বাধীনতাকে অস্বীকার করা : বিএনপির সমালোচনায় তথ্যমন্ত্রী
৯। ৭ই মার্চের ভাষণ বিশ্বের সেরা ভাষণ : শিক্ষামন্ত্রী
১০। রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ হিসেবে সংবাদপত্র রাষ্ট্র পরিচালনায় ভুলভ্রান্তি তুলে ধরে : কৃষিমন্ত্রী
১১। 'নগদ'-এর মাধ্যমে বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ পুরস্কার প্রদান করলেন অর্থমন্ত্রী
১২। করোনাভাইরাসের কারণে মুজিববর্ষে কোনো অতিথির সফর বাতিল হয়নি : সিলেটে পররাষ্ট্রমন্ত্রী
১৩। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে যুক্তরাষ্ট্রের ডাক বিভাগ বিশেষ সচিত্র ডাক চিহ্ন প্রকাশ করবে
১৪। সরকারি কনাকাটায় দেশিয় পণ্য প্রাধান্য পায় : গাজিপুরে ওয়ালটনের কারখানা পরিদর্শনকালে বাণিজ্যমন্ত্রী
১৫। নারীর অগ্রযাত্রায় বাংলাদেশ এখন রোল মডেল : নেত্রকোণায় সমাজকল্যাণ প্রতিমন্ত্রী

**১।	ঐতিহাসিক ৭ মার্চ পালিত : জাতির পিতার প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন**

বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে জাতি গতকাল (৭ মার্চ শনিবার) ঐতিহাসিক ৭ মার্চ পালন করেছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণের স্মারক এ দিনটি উপলক্ষে দেশজুড়ে আওয়ামী লীগসহ বিভিন্ন দল ও সংগঠনের উদ্যোগে নানা কর্মসূচির আয়োজন করা হয়। সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধানমন্ডির বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে এ মহান নেতার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে কিছু সময় নীরবে দাঁড়িয়ে থাকেন। এরপর প্রধানমন্ত্রী আওয়ামী লীগ সভাপতি হিসেবে দলের পক্ষ থেকে কেন্দ্রীয় নেতাদের নিয়ে জাতির পিতার প্রতিকৃতিতে আরেকটি পুষ্পস্তবক অর্পণ করেন। **সূত্র-সমকাল** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**২।	মুজিববর্ষে একটি মানুষও গৃহহীন থাকবে না : ৭ মার্চের আলোচনাসভায় প্রধানমন্ত্রী**

মুজিববর্ষে দেশের একটি মানুষও গৃহহীন থাকবে না- এমন দৃঢ়প্রত্যয় ব্যক্ত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, গৃহহীনদের খুঁজুন, সবাইকে ঘর করে দেবো। এ মুজিববর্ষে বাংলাদেশের একটি মানুষও গৃহহীন থাকবে না। আওয়ামী লীগ নেতাকর্মী ও জাতির পিতার আদর্শের সৈনিকদের প্রতি অনুরোধ জানিয়ে তিনি বলেন, এ কথাটা দেশের প্রত্যেক মানুষের কাছে পৌঁছে দিন। খুঁজে দেখুন, কারা গৃহহীন রয়েছেন, কাদের থাকার জায়গা নেই। চেষ্টা করুন ঘর করে দিতে। না পারলে সরকার টাকা দেবে ঘর করার জন্য। গতকাল (৭ মার্চ শনিবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় সভাপতির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। **সূত্র-সমকাল** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**৩।	জয় বাংলা কনসার্টে গান শুনতে এসেছিলেন শেখ হাসিনা ও শেখ রেহানা**

ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের মাহাত্ম্য ছড়িয়ে দিতে গতকাল (৭ মার্চ শনিবার) রাজধানীর আর্মি স্টেডিয়ামে অনুষ্ঠিত হলো জয় বাংলা কনসার্ট। ‘জয় বাংলা’ স্লোগানটি যখন উচ্চারিত হচ্ছিল মঞ্চে, তখন স্টেডিয়ামে উপস্থিত হাজারো দর্শকের কণ্ঠেও উচ্চারিত হয় জয় বাংলা। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ৭ই মার্চের ভাষণ উপলক্ষে ‘জয় বাংলা’ কনসার্টের আয়োজন করে ইয়াং বাংলার সেক্রেটারিয়েট সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশন (সিআরআই)। কনসার্টে উপস্থিত হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও শেখ রেহানা। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

**৪।	রাষ্ট্রপতি উরুগুয়ে ও লন্ডনে ১১ দিনের সফর শেষে গতকাল দেশে ফিরেছেন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ উরুগুয়ে ও লন্ডনে ১১ দিনের সরকারি সফর শেষে গতকাল (৭ মার্চ শনিবার) দেশে ফিরেছেন। রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে কাতার এয়ারওয়েজের একটি নিয়মিত বিমান হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। উরুগুয়ের প্রেসিডেন্ট কমান্ড হস্তান্তর অনুষ্ঠানে যোগ দিতে এবং লন্ডনে কিছু বেসরকারি কর্মসূচিতে অংশ নিতে গত ২৬ ফেব্রুয়ারি ১১ দিনের সফরে ঢাকা ছেড়েছিলেন রাষ্ট্রপতি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **বণিকবার্তা** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

**৫।	আন্তর্জাতিক নারী দিবস আজ : এ উপলক্ষে অনুষ্ঠানে যোগ দেবেন প্রধানমন্ত্রী**

আন্তর্জাতিক নারী দিবস আজ। এবারের প্রতিপাদ্য 'প্রজন্ম হোক সমতার, সকল নারীর অধিকার'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণীতে বিশ্বের সব নারীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে নারীর উন্নয়নে সবাইকে এক হয়ে কাজ করার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী আজ সকাল ১০টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আন্তর্জাতিক নারী দিবসের অনুষ্ঠানে যোগ দেবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৬।	বয়স্কদের সেবায় কেয়ার ইন নিডের যাত্রা সময়োপযোগী : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমীন চৌধুরী বলেছেন, সমাজের বয়স্কদের সেবার প্রতি দায়বদ্ধতা থেকে নারী দিবসের প্রাক্কালে ৭ জন নারীর প্রচেষ্টায় গঠিত কেয়ার ইন নিডের যাত্রা সময়োপযোগী। ব্যস্ত নাগরিক জীবনের জ্যেষ্ঠ সদস্যদের জীবনকে আনন্দদায়ক করতে কেয়ার ইন নিড বিশেষ ভূমিকা রাখতে সক্ষম হবে বলেও তিনি উল্লেখ করেন। গতকাল (৭ মার্চ শনিবার) গুলশান ক্লাবে কেয়ার ইন নিড ফাউন্ডেশন আয়োজিত লঞ্চিং সিরিমনি অভ্ কেয়ার ইন নিড অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৪)।

**৭। ৭ই মার্চের ভাষণ অস্বীকারকারীরা স্বাধীনতাকেই অস্বীকার করেন : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ঐতিহাসিক ৭ মার্চের ভাষণকে যারা অস্বীকার করেন, প্রকারান্তরে তারা স্বাধীনতাকেই অস্বীকার করেন। গতকাল (৭ মার্চ শনিবার) ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানানোর পর সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৮। ৭ই মার্চ পালন না করার অর্থ স্বাধীনতাকে অস্বীকার করা : বিএনপির সমালোচনায় তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, ঐতিহাসিক ৭ই মার্চ পালন না করার অর্থ দেশের স্বাধীনতাকে অস্বীকার করার শামিল। গতকাল (৭ মার্চ শনিবার) তথ্য ভবনে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি) আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রদত্ত ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য আলোচনাসভা ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে তথ্য সচিব কামরুন নাহার উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**৯। ৭ই মার্চের ভাষণ বিশ্বের সেরা ভাষণ : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, ইউনেস্কোর ইন্টারন্যাশনাল মেমোরি অভ দ্য ওয়ার্ল্ডে একমাত্র ভাষণ হিসেবে বঙ্গাবন্ধুর ৭ই মার্চের ভাষণ অন্তর্ভুক্ত হয়েছে। এটাই প্রমাণ করে- এ ভাষণ পৃথিবীর শ্রেষ্ঠ ভাষণ। গতকাল (৭ মার্চ শনিবার) রাজধানীর আজিমপুর গার্লস স্কুল অ্যান্ড কলেজ মিলনায়তনে এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী আরও বলেন, বিশ্বের অনেক বড় বড় রাজনীতিবিদ ঐতিহাসিক ভাষণ দিয়েছেন। কিন্তু এত সংক্ষিপ্ত, অলিখিত কোনো ভাষণ এর আগে কোনো স্বাধীন রাষ্ট্রের জন্ম দেয়নি। ভাষাভিত্তিক কোনো রাষ্ট্রের সৃষ্টি হয়নি। সেদিক থেকেও ৭ই মার্চের ভাষণ বিশ্বের সেরা ভাষণ। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫)।

**১০। রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ হিসেবে সংবাদপত্র রাষ্ট্র পরিচালনায় ভুলভ্রান্তি তুলে ধরে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, সাংবাদিকতা একটি স্বাধীন পেশা। রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ হিসেবে সংবাদপত্র রাষ্ট্রের অন্য তিন স্তম্ভে ভুলভ্রান্তি তুলে ধরে। একটি রাষ্ট্র কোন দিকে যাচ্ছে, ভালো দিকে যাচ্ছে কিনা, সঠিক পথে আছে কিনা তা সাংবাদিকরা অত্যন্ত সুন্দরভাবে সাহসিকতার সঙ্গে তুলে ধরেন। গতকাল (৭ মার্চ শনিবার) টাঙ্গাইল প্রেসক্লাব মিলনায়তনে প্রেসক্লাবের নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদ ২০২০-২০২১ এর পরিচিতি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৩), **যুগান্তর** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.১)।

**১১। 'নগদ'-এর মাধ্যমে বঙ্গাবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ পুরস্কার প্রদান করলেন অর্থমন্ত্রী**

বঙ্গাবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ ২০২০-এর বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে পুরস্কারের টাকা ডাক বিভাগের ডিজিটাল আর্থিক সেবা 'নগদ'-এর মাধ্যমে প্রদান করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (৭ মার্চ শনিবার) ঢাকার হাতিরঝিলের এম্ফিথিয়েটারে ম্যারাথন ও সাইক্লিংয়ের সমাপনী অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন। অর্থমন্ত্রী বলেন, দেশের তরুণ সমাজ খেলাধুলার সঙ্গে সম্পৃক্ত হোক। খেলাধুলার মাধ্যমে তরুণ সমাজ একটি সাজানো জীবন-যাপন করতে পারবে। আর এর মাধ্যমে তারা বাংলাদেশকে এগিয়ে নিয়ে যেতে পারবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.১), **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.১)।

**১২। করোনাভাইরাসের কারণে মুজিববর্ষে কোনো অতিথির সফর বাতিল হয়নি : সিলেটে পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, করোনাভাইরাস সারাবিশ্বে বড় রকমের আতঙ্ক সৃষ্টি করেছে। তবে এর প্রভাবে মুজিববর্ষের অনুষ্ঠানে আমন্ত্রিত বিদেশি অতিথিদের কারও সফরসূচি এখন পর্যন্ত বাতিল হয়নি। গতকাল (৭ মার্চ শনিবার) সিলেটের ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৫)।

**১৩। বঙ্গাবন্ধুর জন্মশতবার্ষিকীতে যুক্তরাষ্ট্রের ডাক বিভাগ বিশেষ সচিত্র ডাক চিহ্ন প্রকাশ করবে**

জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে যুক্তরাষ্ট্র ডাক বিভাগ (ইউএসপিএস) বঙ্গাবন্ধুর ছবি সংবলিত একটি বিশেষ সচিত্র ডাক চিহ্ন (পিকটোরিয়াল পোস্ট মার্ক) প্রকাশ করবে। মুক্তধারা ফাউন্ডেশনের আবেদনে বঙ্গাবন্ধুর জন্মদিন ১৭ মার্চ ২০২০ বেলা ১১টায় নিউইয়র্কের জ্যাকসন হাইটস পোস্ট অফিস থেকে এ স্মারক ডাক চিহ্ন প্রকাশিত হবে। ২৬ মার্চ প্রকাশিত হবে যুক্তরাষ্ট্রের ডাক বিভাগের বিশেষ বুলেটিনে এ স্মারক। গতকাল (৭ মার্চ শনিবার) মুক্তধারা ফাউন্ডেশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১)।

১৪। **সরকারি কনাকাটায় দেশিয় পণ্য প্রাধান্য পায় : গাজিপুরে ওয়ালটনের কারখানা পরিদর্শনকালে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, ওয়ালটন স্টেট অভ্ দ্য আর্ট' ইন্ডাষ্ট্রি। কেউ না দেখলে এর কর্মকান্ড বিশ্বাস করতে পারবে না। ওয়ালটনের পণ্য আন্তর্জাতিক স্বপ্ন এবং অসামান্য চেষ্টা আছে বলেই তারা সফল হচ্ছেন। সরকার চেষ্টা চালিয়ে যাচ্ছে, যাতে সরকারি কেনাকাটায় দেশিয় পণ্য প্রধান্য পায়। গতকাল (৭ মার্চ শনিবার) গাজীপুরের কালিয়াকৈর উপজেলার চন্দ্রায় বাংলাদেশি ইলেকট্রনিক এবং প্রযুক্তিপণ্য জয়ান্ট ওয়ালটনের কারখানা পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.৫)।

১৫। **নারীর অগ্রযাত্রায় বাংলাদেশ এখন রোল মডেল : নেত্রকোণায় সমাজকল্যাণ প্রতিমন্ত্রী**

সমাজকল্যাণ প্রতিমন্ত্রী মো. আশরাফ আলী খান খসরু বলেছেন, বর্তমান সরকার নারী সমাজের আর্থ-সামাজিক উন্নয়নে বদ্ধপরিকর। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ নেতৃত্বে বাংলাদেশে নারী সমাজের অভূতপূর্ব উন্নয়ন ঘটেছে। পাবলিক পরীক্ষাগুলোয় নারীরা ভাল রেজাল্ট করছে। বিভিন্ন প্রতিষ্ঠান এবং শিল্পকারখানায় নারীরা পুরুষের সঙ্গে পাল্লা দিয়ে কাজ করছে। তারা পরিবার, সমাজ ও দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বৈদেশিক মুদ্রা অর্জনের ক্ষেত্রে নারীদের অবদান আজ অনস্বীকার্য। এক কথায় নারীর অগ্রযাত্রায় বাংলাদেশ এখন রোল মডেল। নারীর উন্নয়ন ও অগ্রযাত্রার এ ধারাবাহিকতাকে এগিয়ে নিতে পারলে ভবিষ্যতে আর কোনো বৈষম্য থাকবে না। গতকাল (৭ মার্চ শনিবার) নেত্রকোণায় মুজিববর্ষ ও আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক** : দেশে নকল ও অবৈধ মোবাইল ফোন সেটের বাজার ৪ হাজার কোটি টাকা উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **বণিক বার্তা :** কিশোরদেরও বাড়ছে ডায়াবেটিসের ঝুঁকি, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় পরিচালিত এক গবেষণায় এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতা বাড়ানোর আহ্বান।

গ. **যায়য়ায়দিন, সংবাদ, ভোরের কাগজ** : ১২ ঘন্টায় দেশের ৬ জেলায় সড়ক দুর্ঘটনায় ২২ জন নিহত হওয়ার তথ্য এক প্রতিবেদনে প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে সড়ক দুর্ঘটনা প্রতিরোধে প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ ।

ঘ. **ইনকিলাব** : পিতা-মাতা ও পরিবারের সিনিয়র সদস্যদের ভরণ-পোষণের দায়িত্ব নেবে তাদের সন্তানরা এ মর্মে-প্রণীত আইন যথাযথভাবে বাস্তবায়ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **জনকণ্ঠ** : দেশে মোবাইল ব্যাংকিং লেনদেনে রীতিমত বিপ্লব ঘটেছে উল্লেখ করে দেশের অর্থনীতির চাকা সচল রাখতে এটি কার্যকর ভূমিকা রাখবে বলে আশাবাদ প্রকাশ।

চ. **যুগান্তর** : ঢাকা-চট্টগ্রাম রেলরুট ব্রজগেজে রূপান্তর করতে গিয়ে সদ্য স্থাপিত ১৩৪ কিলোমিটার মিটারগেজ উপড়ে ফেলার সিদ্ধান্তে সরকারের ক্ষতি হবে ছয় হাজার কোটি টাকা উল্লেখ করে রেলওয়ের এ ধরনের কর্মকাণ্ডকে জবাবদিহিতার আওতায় আনা সুপারিশ।

ছ. **নিউ এজ** : দেশে কারোনাভাইরাস বিস্তার প্রতিরোধে সচেতনতার আহ্বান।

জ. **ডেইলি সান** : বাংলাদেশ নারীর উন্নয়ন ও ক্ষমতায়নে রোল মডেলে পরিণত হয়েছে উল্লেখ করে এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঝ. **দি এশিয়ান এজ** : নারীর প্রতি যেকোনো ধরনের সহিংসহতা প্রতিরোধে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**বণিক বার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শ্রমবাজারে নারীদের অংশগ্রহণ বাড়ানোর জন্য তাদের যুগোপযোগী শিক্ষা ও প্রযুক্তিগত প্রশিক্ষণ দিয়ে তৈরি করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'গবেষণা খাতে নারীর অংশগ্রহণ বাড়ুক**' শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, আমাদের দেশে পরিবেশ, গবেষণা, প্রযুক্তি ও কারিগরি সেক্টরে নারীদের বেশি সুযোগ দেওয়া প্রয়োজন।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা